

বাংলাদেশ দূতাবাস
রোম, ইতালি

নতুন ভোটার নিবন্ধন ও স্মার্ট জাতীয় পরিচয়পত্রের আবেদন সংক্রান্ত তথ্য নির্দেশিকা ও সাধারণ জিজ্ঞাসা

বাংলাদেশ দূতাবাস, রোম, ইতালিতে প্রবাসী বাংলাদেশী নাগরিকগণের জন্য নতুন ভোটার নিবন্ধন ও স্মার্ট জাতীয় পরিচয়পত্রের আবেদন প্রক্রিয়া শুরু হয়েছে।

আবেদনের যোগ্যতা

- ১৮ বছরের বেশি বয়সী বাংলাদেশী নাগরিক হতে হবে
- মেয়াদ সম্বলিত বাংলাদেশী পাসপোর্ট থাকতে হবে
- জন্মনিবন্ধন সনদ থাকতে হবে। **পাসপোর্ট ও জন্মনিবন্ধনের তথ্য হুবহু একই হতে হবে। অমিল থাকলে জন্মনিবন্ধন সংশোধন করে আবেদন করতে হবে।
- জাতীয় পরিচয়পত্র আছে বা পূর্বে বাংলাদেশ থেকে জাতীয় পরিচয়পত্রের আবেদন করেছেন এমন ব্যক্তিগণ আবেদনের জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন

আবেদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি

আবশ্যিক দলিলাদি	অন্যান্য দলিলাদি
দূতাবাসে আবেদনের সময় অবশ্যই জমা দিতে হবে	দূতাবাসে জমা প্রদান না করা আবেদনকারীর প্রতিনিধি কর্তৃক বাংলাদেশে উপজেলা নির্বাচন অধিদপ্তরে অবশ্যই জমা দিতে হবে
<ul style="list-style-type: none">- অনলাইনে পূরণকৃত আবেদনপত্র (ফরম ২(ক))- মেয়াদ সম্বলিত বাংলাদেশী পাসপোর্ট এর কপি- অনলাইন জন্মনিবন্ধন সনদের কপি- এক কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি	<ul style="list-style-type: none">- শিক্ষা সনদ (SSC/ Equivalent Certificate/ JSC/ PSC)- পিতা-মাতার এনআইডি, মৃত হলে মৃত্যু সনদ- ডাইভিং লাইসেন্স, টি.আই.এন (প্রযোজ্য ক্ষেত্রে)- নিকাহনামা (Marriage Certificate) এবং স্বামী স্ত্রীর জাতীয় পরিচয়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)- নাগরিকত্ব সনদ (কাউন্সিলর, চেয়ারম্যান/ মেয়র/ সিইও কর্তৃক)- ইউটিলিটি বিলের কপি (ভোটার এলাকার ঠিকানার বিদ্যুৎ/ পানি/ গ্যাস বিলের কপি, ভাড়াটিয়া হলে বাড়ি ভাড়ার চুক্তিপত্র ও বাড়িওয়ালার অনাপত্তিপত্র)

বাংলাদেশ দূতাবাস, রোম, ইতালিতে জাতীয় পরিচয়পত্রের আবেদনের ক্ষেত্রে কোন ফি প্রয়োজন হবে না। জাতীয় পরিচয়পত্র আবেদন ও স্মার্ট কার্ড প্রাপ্তি সম্পূর্ণ ফ্রি।

দূতাবাস থেকে জাতীয় পরিচয় পত্রের কোনরূপ সংশোধনের সুযোগ নেই। দূতাবাসে কেবল মাত্র নতুন জাতীয় পরিচয়পত্র নিবন্ধন করা যাবে। অর্থাৎ, আগে যার কোন জাতীয় পরিচয়পত্র ছিলো না, কেবল তিনিই এখানে আবেদন করতে পারবেন। যদি কারো আগে জাতীয় পরিচয়পত্র থাকে এবং তিনি দূতাবাসে আবার তথ্য পরিবর্তন করে আবেদন করেন, তার বায়োমেট্রিক তথ্য যাচাইয়ের সময় তা ধরা পড়বে এবং তার আবেদনটি বাতিল হবে। তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থাও গ্রহণ করার সুযোগ রয়েছে।

দূতাবাসে বায়োমেট্রিক নিবন্ধন ও প্রয়োজনীয় কাগজপত্র জমা প্রদানের পর প্রবাসী নাগরিকের তথ্য যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট উপজেলা পর্যায়ে তদন্ত হবে। পজিটিভ তদন্ত রিপোর্ট পাওয়ার পর বায়োমেট্রিক তথ্য যাচাইয়ের পর জাতীয় পরিচয় পত্র প্রস্তুত হলে, আবেদনের সময় দেওয়া ইতালিয় মোবাইল নাম্বারে মেসেজ আসবে। আবেদনকারী নিজেই অনলাইনে প্রবেশ করে জাতীয় পরিচয়পত্র ডাউনলোড করে নিতে পারবেন এবং প্রিন্ট করে ব্যবহার করতে পারবেন। স্মার্ট কার্ড প্রিন্ট হয়ে ঢাকা থেকে আসলে ওয়েবসাইট ও ফেইসবুকের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে এবং তা দূতাবাস থেকে সংগ্রহ করা যাবে।